**কবিতা/গল্প প্রকাশ**



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



**ডাউনলোড "এই যুগ অ্যাপ"**



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 28 MAY 2026 ,THURSDAY | ২৮ মে ২০২৬ ,বৃহস্পতিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-175


## বিদ্যাসাগর হাসপাতালে রোগী কল্যাণ সমিতির বৈঠকে বেহালা পশ্চিমের বিধায়ক ডাঃ ইন্দ্রনীল খাঁ



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা, ২৭ মে :** বেহালা পশ্চিম বিধানসভার অন্তর্গত বিদ্যাসাগর হাসপাতাল পরিদর্শন ও রোগী কল্যাণ সমিতির বৈঠকে উপস্থিত ছিলেন বিধায়ক ডাঃ ইন্দ্রনীল খাঁ ।২৬ শে রাজ্যের পালা বদলের পর বিজেপি সরকার সরকারি হাসপাতাল গুলোর পরিকাঠামোর উন্নয়ন এর জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বুধবার বিদ্যাসাগর হাসপাতাল কর্তৃপক্ষের সঙ্গে রোগী কল্যাণ সমিতির গুরুত্বপূর্ণ বৈঠকে উপস্থিত ছিলেন ভারতীয় জনতা যুব মোর্চার রাজ্য সভাপতি তথা বেহালা পশ্চিমের বিধায়ক ডাঃ ইন্দ্রনীল খাঁ। সূত্রের খবর ,এদিন বৈঠকের পাশাপাশি হাসপাতাল পরিদর্শন করেন ডাঃ ইন্দ্রনীল খাঁ । পাশাপাশি হাসপাতালের পরিকাঠামো ব্যবস্থা সম্পর্কে খোঁজ খবর ও নেন বিজেপি বিধায়ক।

## অবৈধ মদ এর বিরুদ্ধে অভিযান আবগারি দপ্তর ও পুলিশের



**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ মে :** আলিপুরদুয়ার জেলা পুলিশের ফালাকাটা থানার পুলিশ ও আবগারি দপ্তরের বীরপাড়া সার্কেলের কর্মীরা বুধবার দলগাও ডিপো ফরেস্ট বস্তি এলাকায় অভিযান চালিয়ে পঞ্চাশ লিটার অবৈধ চোলাই মদ ধ্বংস করে। পাশাপাশি ধ্বংস করা হয় চোলাই মদ তৈরির প্রচুর উপকরণ। জানা গেছে গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে এই অভিযান চালানো হয়।অভিযানে কোনো গ্রেপ্তারের খবর নেই।পুলিশ ও আবগারি দপ্তর সূত্রে জানানো হয়েছে জেলা জুড়ে অবৈধ মদ তৈরি ও বিক্রির বিরুদ্ধে অভিযান চলছে।

## ১ জুন থেকে "অন্নপূর্ণা ভাণ্ডার" এর সূচনা ,জানালেন মুখ্যমন্ত্রী



**এই যুগ ,হাওড়া ,২৭ মে :** লক্ষ্মীর ভাণ্ডার এর মত "অন্নপূর্ণা ভাণ্ডার" পাবো তো ? সরকার পরিবর্তনের পর বাংলার মায়েদের মনে একটা প্রশ্ন চিহ্ন দেখা দিয়েছিলো। অবশেষে সেই প্রশ্ন চিহ্ন মুছে দিলো রাজ্যের মুখ্যমন্ত্রী। জুন মাসের ১ তারিখ থেকে "অন্নপূর্ণা ভাণ্ডার" প্রকল্পের ফর্ম ফিলাপ এর কাজ শুরু হচ্ছে ,বুধবার হাওড়ার "নবান্ন" থেকে রাজ্যে এই প্রকল্পের সূচনার কথা জানালেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। আগামী ৩ মাস এই আবেদন পূরণের কাজ চলবে। অফলাইন ও অনলাইনের মাধ্যমে অন্নপূর্ণা ভাণ্ডার প্রকল্পের ফর্ম ফিলাপ করা যাবে। লক্ষ্মীর ভাণ্ডার যারা পেতেন তাদের সকলকেও এই ফর্মপূরণ করতে হবে। যতদিন না অন্নপূর্ণা ভাণ্ডার প্রকল্পে এনরোলমেন্ট হচ্ছে, ততদিন পর্যন্ত লক্ষ্মীর ভাণ্ডারের টাকা পাবেন। কেউ অন্নপূর্ণা ভাণ্ডার থেকে বঞ্চিত হবেন না বলে জানিয়েছেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এদিন অন্নপূর্ণা ভাণ্ডারের সূচনায় উপস্থিত ছিলেন রাজ্যের নারী ও শিশু কল্যাণ ও পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল ও । অন্নপূর্ণা ভাণ্ডার প্রকল্পের ফর্ম ফিলাপ নিয়ে এতদিন চিন্তায় ছিলেন বাংলার মহিলারা, আজ সেই চিন্তাই দূর করে দিলো রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ।এদিন মুখ্যমন্ত্রীর ঘোষণায় স্বস্তিতে বাংলার মায়েরা বলায় বাহুল্য।

## ব্লক প্রশাসনের আধিকারিকদের নিয়ে বৈঠক করলেন বিধায়ক



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২৭ মে :** শিলিগুড়ি লাগোয়া নকশালবাড়ি ব্লক প্রশাসনের আধিকারিকদের নিয়ে বুধবার নকশালবাড়ি বিডিও অফিসের হল ঘরে বৈঠক করলেন নকশল্লবাড়ির বিধায়ক আননদময় বর্মন। এদিনের বৈঠকে ব্লকের স্বাস্থ্য, শিক্ষা, জনস্বাস্থ্য, ভুমি, বন,পুলিশ আধিকারিকগন উপস্থিত ছিলেন। বিধায়ক জানান ব্লকের সার্বিক উন্নয়নের লক্ষ্যে এই বৈঠক। বৈঠকে বিধায়ক আধিকারিকদের থেকে বিভিন্ন সরকারি প্রকল্পের উন্নয়ন মুলক কাজের অগ্রগতি, সমস্যা সহ সমস্ত খুঁটিনাটি তথ্য সংগ্রহ করেন। তিনি জানান উন্নয়নের প্রশ্নে কোন রকম দুর্নীতিকে বরদাস্ত করা হবেনা।

# গলায় দড়ি দিয়ে আত্মহত্যা যুবকের




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ মে :** গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করল উনিশ বছরের এক যুবক। সদ্য বিবাহিত যুবককে রেখে তার স্ত্রী শ্বশুর বাড়ি চলে গেছেন বেশ কয়েকদিন আগেই আর এরপর থেকেই সে মানসিক ভারসাম্যহীন হয়ে গিয়েছিল। মঙ্গলবার রাতে তার ঝুলন্ত দেহ উদ্ধার হয় স্যার বাড়ি থেকেই বুধবার তার মৃতদেহ আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে ময়না তদন্ত করে পরিবারের হাতে তুলে দেয় শামুকতলা থানার পুলিশ তার মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছে শামুকতলা থানার বড়পুকুরিয়া এলাকায়। মৃত যুবকের নাম লক্ষ্মীরাম টুডু।

# আলিপুরদুয়ার জেলা পুলিশের তৎপরতায় উদ্ধার দুই বালিকা



**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ মে :** আলিপুরদুয়ার জেলা পুলিশের তৎপরতায় পাচারের হাত থেকে রক্ষা পেল দুই বালিকা। জানা গেছে আলিপুরদুয়ার জেলা পুলিশের শামুকতলা থানার পুলিশ থানায় অভিযোগ হওয়া ১৯২/২৬ নম্বর মামলার তদন্তে নেমে মেঘালয় রাজ্য থেকে এক বালিকাকে উদ্ধার করে আলিপুরদুয়ার নিয়ে আসে। অপর দিকে ফালাকাটা থানার পুলিশ ২০১/২৪ নম্বর মামলার তদন্তে নেমে আরেক বালিকাকে উদ্ধার করে। পুলিশ সূত্রে জানা গেছে উদ্ধার হওয়া দুই বালিকাকে সমস্ত আইনানুগ প্রক্রিয়ার পর বুধবার সি ডাবলিউ সি কর্তৃপক্ষের হাতে তুলে দেওয়া হয়েছে।



# বালু পাথর নিয়ে বৈঠক বারবিশাতে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ মে :** ভোট ঘোষণার পর থেকেই কুমারগ্রাম বিধানসভার বিভিন্ন নদীগুলি থেকে বালি পাথর উত্তোলন বন্ধ হয়ে গেছে। বালু পাথর উত্তোলন বন্ধ হয়ে যাওয়ায় একদিকে যেমন বিপাকে পড়েছেন শ্রমিক গাড়িচালক ঠিকাদার থেকে শুরু করে সাধারণ বাসিন্দারা তেমনি বিপাকে পড়েছেন পাকার কাজে যুক্ত রাজমিস্ত্রি থেকে শুরু করে আমজনতা। স্তব্ধ হয়ে রয়েছে সরকারি কাজকর্ম থেকে শুরু করে উন্নয়ন প্রক্রিয়া। বালু পাথর উত্তোলন করাকে দ্রুত ব্যবস্থা করার জন্য সঠিক ন্যায্য প্রক্রিয়ায় সরকারি কোষাগারে টাকা জমা দিয়ে বালু পাথর উত্তোলনের জন্য কুমারগ্রামের বিধায়ক মনোজ কুমার ওরাওঁ এর উদ্যোগে প্রশাসনিক কর্তাদের সঙ্গে নিয়ে বৈঠক করা হয়েছে আলিপুরদুয়ার জেলার বারোবিষা ব্যবসায়ী সমিতির হল ঘরে। বৈঠকে উপস্থিত ছিলেন সমস্ত স্তরের প্রশাসনিক কর্তারা।

# হাসিমারা থেকে গ্রেফতার একজন



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ মে :** হাসিমারা বায়ুসেনা ছাউনির ছবি তোলার অভিযোগে এক চিকিৎসককে গ্রেফতার করলো হাসিমারা ফাঁড়ির পুলিশ। অভিযুক্তের নাম মানব চন্দ্র (২৮)।তিনি পেশায় একজন চিকিৎসক এবং আলিপুরদুয়ারে তার নিজস্ব ক্লিনিক আছে বলেও পুলিশ সূত্রে খবর। জানা গিয়েছে, মঙ্গলবার সন্ধ্যায় হাসিমারার গুরুদুয়ারা সংলগ্ন বায়ুসেনা ছাউনির বাইরে এক সন্দেহভাজন যুবককে একাধিক ছবি তুলতে দেখেন আধিকারিকরা।এরপরই এ নিয়ে থানায় অভিযোগ দায়ের করা হয়। অভিযোগের ভিত্তিতে মঙ্গলবার রাতেই অভিযুক্তকে গ্রেফতার করে পুলিশ। তার ফোনে বায়ুসেনা ছাউনির প্রবেশদ্বার, পার্কিং এর ছবি মেলে।এরপরই অভিযুক্ত মানব চন্দ্রকে বুধবার আদালতে পাঠিয়ে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

# নিমতি পুলিশ ফাঁড়ির অভিযান ,গ্রেফতার দুই



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ মে :** গোপন খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে আলিপুরদুয়ার জেলা পুলিশ সাতালি বস্তি এলাকায় সাতটি বাড়িতে অভিযান চালায়। অভিযান চালিয়ে ৩০০০ কেজি পচা চাল উদ্ধার করে নষ্ট করা হয়। পুলিশ সূত্রে খবর আলিপুরদুয়ার জেলা জুড়ে মদ এবং চোলাই এর বিরুদ্ধে অভিযান শুরু হয়েছে। পশ্চিমবঙ্গ সরকার চোলাই বিক্রি বন্ধের কথা ঘোষণা করেছেন। সরকারি ঘোষণার পরেই আলিপুরদুয়ার জেলা পুলিশ জেলার বিভিন্ন প্রান্তে অভিযান শুরু করেছে এবং প্রত্যেকটি থানার পুলিশ অফিসারদের অভিযান চালানো নির্দেশ দেওয়া হয়েছে এমনটাই জানা গেছে জেলা পুলিশ সূত্রে। বুধবার সাতালি বস্তি এলাকায় চোলাই তৈরীর উপকরণ হিসেবে তিন হাজার কেজি পচার চাল উদ্ধার করে ঘটনাস্থলে নষ্ট করে পুলিশ যা কিনা গত কয়েক বছরের মধ্যে রেকর্ড সৃষ্টি করে দিয়েছে।। অভিযান লাগাতার ভাবে চলতে থাকবে জানা গেছে। আলিপুরদুয়ার জেলা পুলিশের পক্ষ থেকে। অন্যদিকে নিমতি ফাঁড়ির ওসি দীপায়ন সরকারের নেতৃত্বে গরম বস্তি এলাকায় অভিযান চালিয়ে প্রচুর পরিমাণ মদ উদ্ধার করা হয় গ্রেপ্তার করা হয়েছে রাহুল ধর নামে এক ব্যক্তিকে। পুলিশ সূত্রে জানা গেছে জেলা পুলিশের নির্দেশে বিকেল থেকেই অভিযান শুরু হয় পুলিশের। সূত্রের খবর ৬০ লিটার মদ উদ্ধার হয়েছে বিভিন্ন জাতের। অভিযান লাগাতার ভাবে চলতেই থাকবে। আগামীকাল বৃহস্পতিবার অভিযুক্ত রাহুল ধরকে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠানো হবে। তার বিরুদ্ধে বিভিন্ন ধারায় মামলা শুরু করা হয়েছে।

# উদ্ধার আগ্নেয়াস্ত্র সহ গুলি ,গ্রেপ্তার এক





**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মালদহ ,২৭ মে :** মালদহ জেলা পুলিশের মানিকচক থানার পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে বুধবার বিকালে থানা এলাকার জেসারতটোলায় মহম্মদ ফারুক, পিতা - নজরুল এর বাড়িতে অভিযান চালিয়ে উদ্ধার করে চারটি আগ্নেয়াস্ত্র সহ সাত রাউন্ড তাজা গুলি। গ্রেপ্তার করা হয় মোহম্মদ ফারুককে। পুলিশ সূত্রে জানানো হয় ধৃতের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করা হয়েছে। বৃহস্পতিবার ধৃতকে আদালতে পেশ করা হবে ও তদন্তের স্বার্থে ধৃতকে পুলিশ রিমান্ডে নেবার আবেদন জানানো হবে। পুলিস খতিয়ে দেখছে ধৃত ব্যক্তির সাথে অস্ত্র পাচার চক্রের যোগ আছে কিনা।

# শিলিগুড়ির ট্রাফিক সমস্যা সমাধানের লক্ষ্যে বৈঠক বিধায়কের



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২৭ মে :** শিলিগুড়ির ট্রাফিক সমস্যা সমাধানের লক্ষ্যে বুধবার শিলিগুড়িতে ট্রাফিক বিভাগের আধিকারিকদের নিয়ে বৈঠক করলেন শিলিগুড়ির বিধায়ক শংকর ঘোষ। তিনি জানান শিলিগুড়ির ক্রমবর্ধমান ট্রাফিক সমস্যা সমাধানের লক্ষ্যে এদি বৈঠক আয়োজিত হয়। বৈঠকে ট্রাফিক সমস্যা সমাধানের লক্ষ্যে বিভিন্ন প্রস্তাব গ্রহন করা হয়েছে। পরবর্তী তিন মাসের মধ্যে শিলিগুড়ি শহরের ট্রাফিক ব্যবস্থায় ব্যপক পরিবর্তন হবে বলে জানান বিধায়ক। তিনি আরও জানান প্রস্তাব গুলি কার্যকর হলে শহরকে যানজট থেকে মুক্ত রাখা সম্ভব হবে।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |